মেঘেরা চলে চলে যায়,   চাঁদেরে ডাকে 'আয়, আয়' ।
ঘুমঘোরে বলে চাঁদ 'কোথায় কোথায়' ॥
না জানি কোথা চলিয়াছে,   কী জানি কী যে সেথা আছে,
আকাশের মাঝে চাঁদ চারি দিকে চায় ॥
সুদূরে, অতি অতিদূরে,    বুঝি রে কোন্ সুরপুরে
তারাগুলি ঘিরে ব'সে বাঁশরি বাজায় ।
মেঘেরা তাই হেসে হেসে   আকাশে চলে ভেসে ভেসে,
লুকিয়ে চাঁদের হাসি চুরি করে যায় ॥

---

Parjaay: Bichitro, Raag: Behaag
Visit www.geetabitan.com for notation and other detail